



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

কার্যালয়ঃ উত্তর গোবিন্দপুর, সদর, দিনাজপুর।

www.dinaipureducationboard.com

[email: www.dinaipureducationboard@gmail.com](mailto:www.dinaipureducationboard@gmail.com)

স্মারক নং-.....

তারিখঃ.....

বিষয়ঃ নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৬(অংশ) ৮৫ তারিখঃ ১৪/০৫/২০১৮ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডোমার উপজেলাধীন মটুকপুর সপ্তাধী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ০১/০১/২০১৮ইং তারিখ হতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করার শর্তে পরবর্তী ০৩(তিন) বছর সময়ের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। এই মেয়াদকালের কর্তৃপক্ষের পর্যবেক্ষণের থেকে শিক্ষার প্রত্যাশিত মান অর্জনের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানকে নিম্নে প্রদত্ত শর্ত সমূহ পূরণ করতে হবে।

শর্তসমূহঃ

- এই প্রাথমিক অনুমতিকে পাঠদানের স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।
- স্বীকৃতি বা নিবন্ধন প্রাপ্তির জন্য প্রতিষ্ঠানকে কমপক্ষে একবার সমাপনী(৮ম শ্রেণি) পরীক্ষায় ছাত্র/ছাত্রীদেরকে অংশ গ্রহণ করতে হবে।
- অধ্যয়নরত শিক্ষার্থীর ন্যূনতম ৭৫% কে সমাপনী(৮ম শ্রেণি) পরীক্ষায় ছাত্র/ছাত্রীদেরকে অংশ গ্রহণ করতে হবে এবং উক্ত পরীক্ষার ন্যূনতম ৭০% শিক্ষার্থীকে কৃতকার্য হতে হবে।
- বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীর বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বহন করতে হবে।
- শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আইন ২০০৫ অনুসরণ করতে হবে।
- কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের পর্যায়ক্রমে বি,এড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- শিক্ষার মান উন্নয়ন কল্পে শিক্ষকদের কঠোর পরিশ্রম করতে হবে।
- বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধিসহ প্রতি বছর বার্ষিক পরীক্ষার ফলাফল উন্নয়ন করতে হবে।
- সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ের চারিপার্শ্বে বৃক্ষ রোপণ করে উহার পরিচর্যা করতে হবে।
- জাতীয় দিবস সমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকান্ডের আয়োজন করতে হবে।

প্রাপক

প্রধান শিক্ষক

মটুকপুর সপ্তাধী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

ডাকঃ বোড়াগাড়া, উপজেলাঃ ডোমার

জেলাঃ নীলফামারী।

স্মারক নং-.....
অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল।

স্বঃ.
(রবীন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

- মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড(পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- জেলা প্রশাসক, নীলফামারী।
- উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, ডোমার, নীলফামারী।
- সিস্টেম এনালিস্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড, দিনাজপুর, কম্পিউটার কেন্দ্র রাজশাহী শিক্ষা বোর্ড।
- জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডোমার, নীলফামারী।
- আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- অফিস কপি।

(রবীন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।